# দিনাজপুর পৌরসভা কার্যালয়
## দিনাজপুর
www.dinajpurmunicipality.gov.bd

স্মারক নম্বর-দিনাজ/পৌর/২০২৬/১১৪৭

তারিখ: ৩০ ভাদ্র ১৪৩৩ ব.<br>১৪ সেপ্টেম্বর ২০২৬খ্রি:

## নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দিনাজপুর পৌরসভার অফিস প্রাঙ্গণের পশ্চিমাংশে অবস্থিত পুরাতন ও ব্যবহার অনুপযোগী ভবনটি স্থানীয় সরকার বিভাগের স্মারক নম্বর-৪৬.০০.০০০০.০০০.০৬৩.৯৯.০০১০.২৫(অংশ-১)-৭৮২ তারিখ: ০৯/০৯/২০২৬ অনুযায়ী পরিত্যক্ত/কন্ডেমড ঘোষণা করা হয়েছে এবং উক্ত ভবনটি নিলামে বিক্রয়ের প্রশাসনিক অনুমতি প্রদান করা হয়েছে। উক্ত ভবনটি "যেখানে যে অবস্থায় আছে" ভিত্তিতে নিলামের মাধ্যমে বিক্রয়ের জন্য নিম্নবর্ণিত শর্তে সীলমোহর যুক্ত খামে নিলাম দরপত্র আহ্বান করা হলো।

নিলামের আবেদন ফরম (সিডিউল) নিম্নোক্ত নির্ধারিত মূল্যে (অফেরতযোগ্য) ক্যাশিয়ার দিনাজপুর পৌরসভা, দিনাজপুর; জেলা প্রশাসক দিনাজপুর এর কার্যালয় (স্থানীয় সরকার শাখা); পুলিশ সুপারের কার্যালয় দিনাজপুর ও সোনালি ব্যাংক কর্পোরেট শাখা দিনাজপুর হতে নিম্ন বর্ণিত সময়সূচি অনুযায়ী অফিস চলাকালীন ক্রয় করা যাবে। নিলামের আবেদন ফরমসমূহ নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় এবং জেলা প্রশাসক কার্যালয় (স্থানীয় সরকার শাখা) দিনাজপুরে রক্ষিত দরপত্র বাক্সে বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত গ্রহণ করা হবে এবং একই দিনে নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয় বেলা ৩.০০ ঘটিকায় দরপত্রসমূহ উপস্থিত দরদাতাগণের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে।

নিলামযোগ্য সম্পত্তির বিবরণ:

| ক্রম | ভবনের নাম | প্রাক্কলিত মূল্য | অপসারণ ব্যয় | নিট মূল্য/নিলামের ভিত্তিমূল্য |
|---|---|---|---|---|
| ১ | দিনাজপুর পৌরসভার পশ্চিমাংশের পুরাতন ভবন | ১৫,৯৮,০৪০/- টাকা | ৫,৭০,২৮২/- টাকা | ১০,২৭,৭৫৮/- টাকা |

কথায়: দশ লক্ষ সাতাশ হাজার সাতশত আটান্ন টাকা মাত্র।

নিলামের সময়সূচি

| পর্যায় নম্বর | নিলাম দরপত্র ফরম বিক্রয়ের শেষ তারিখ ও সময় | নিলাম দরপত্র দাখিলের শেষ তারিখ ও সময় | নিলাম দরপত্র খোলার তারিখ ও সময় | নিলাম দরপত্র সিডিউলের মূল্য (অফেরতযোগ্য) |
|---|---|---|---|---|
| ০১ | ২৯/০৯/২০২৬ তারিখ অফিস চলাকালীন | ৩০/০৯/২০২৬ তারিখ বেলা ১.০০ টা পর্যন্ত | ৩০/০৯/২০২৬ তারিখ বেলা ৩.০০ টা। | ৫০০০/- |
| ০২ | ০৭/১০/২০২৬ তারিখ অফিস চলাকালীন | ০৮/১০/২০২৬ তারিখ বেলা ১.০০ টা পর্যন্ত | ০৮/১০/২০২৬ তারিখ বেলা ৩.০০ টা। | |
| ০৩ | ১৫/১০/২০২৬ তারিখ অফিস চলাকালীন | ১৬/১০/২০২৬ তারিখ বেলা ১.০০ টা পর্যন্ত | ১৬/১০/২০২৬ তারিখ বেলা ৩.০০ টা। | |

নিলামের শর্তাবলি

১। দরপত্রদাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লেখিত দরের ১০০% (শতকরা একশত ভাগ) অর্থ এবং দাখিলকৃত দরের উপর ১০% (দশ) আয় কর এবং ১৫% (পনের) ভ্যাট (মূল্য সংযোজন কর) অবশ্যই একই সাথে (যে কোন তফসিল ব্যাংক হতে পৃথকভাবে ০৩ (তিন) টি ব্যাংক ড্রাফট/ডিডি/পে-অর্ডার) এর মাধ্যমে প্রশাসক, দিনাজপুর পৌরসভা এর অনুকূলে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

২। নিলামে অংশগ্রহণে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানকে নির্ধারিত সময়ের মধ্যে নিলাম/দরপত্রে অংশগ্রহণ করতে হবে।

৩। নিলামযোগ্য ভবনটি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় বিক্রয় করা হবে। ভবনের পরিমাণ, অবস্থা, নির্মাণসামগ্রী, কাঠামো ইত্যাদি সরেজমিনে পরিদর্শন করে দর প্রদান করতে হবে।

৪। নিলামের ভিত্তিমূল্য ১০,২৭,৭৫৮/- (দশ লক্ষ সাতাশ হাজার সাতশত আটান্ন) টাকা। ভিত্তিমূল্যের নিম্নে কোনো দর গ্রহণযোগ্য হবে না।

৫। আগ্রহী নিলাম দরদাতাকে হালনাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট, আয়কর সনদ ও জাতীয় পরিচয়পত্রের কপি দরপত্রের সাথে দাখিল করতে হবে।

৬। নিলাম দরপত্র সংক্রান্ত মূল্যায়ন কমিটির সুপারিশের পর পৌরসভার অনুমোদনক্রমে নিলামযোগ্য ভবনের মালামাল/নির্মাণসামগ্রী অপসারণের অনুমতি প্রদান করা হবে।

৭। নিলামগ্রহীতাকে নিজ দায়িত্বে ও নিজ খরচে ভবন/নির্মাণসামগ্রী অপসারণ করতে হবে এবং অপসারণকালে পৌরসভার সম্পত্তি, পার্শ্ববর্তী স্থাপনা, সড়ক বা অন্য কোনো সরকারি/বেসরকারি সম্পত্তির ক্ষতি করা যাবে না। যথাযথ ব্যবস্থা গ্রহণ পূর্বক স্থাপনা অপসারণ করতে হবে।

৮। ভবন অপসারণের ফলে সৃষ্ট সকল বর্জ্য, ধ্বংসাবশেষ ও অন্যান্য মালামাল নিলামগ্রহীতাকে নিজ দায়িত্বে অপসারণ করতে হবে।

৯। কোনো কারণ দর্শানো ব্যতিরেকে নিলাম গ্রহণ, বাতিল, স্থগিত বা পুনঃনিলাম আহ্বানের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১০। নিলাম সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১১। (ক) দিনাজপুর পৌরসভার পশ্চিমাংশের পুরাতন ভবন নিলামে অপসারণযোগ্য সামগ্রী হিসাবে বিবেচিত হবে শুধুমাত্র পুরাতন ভবনের দেয়ালের ইট, ছাদ বা অন্যান্য অংশের রড, ছাদ/দেয়াল/অন্যান্য অংশের রাবিশ, জানালা, দরজা, পার্টিশন দেয়াল, স্টিয়ার রেলিং, দরজা জানালার থাই ও গ্রীল, ৫ (পাচ)টি কলাপসিবল গেট, ০২ (দুই) টি এম.এস গেট, ০৪(চার)টি টয়লেটের ইউপিভিসি গেট, লোহার বীম (জয়েস্ট) এবং জরাজীর্ণ ভবনের অন্যান্য অপসারণযোগ্য সামগ্রী।

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

CamScanner

(খ) নিম্নবর্ণিত মালামাল/সামগ্রী-নিলামযোগ্য সামগ্রীর অন্তর্ভুক্ত হবে না। যথা: পুরাতন ভবনের রক্ষিত এয়ারকন্ডিশন (এসি), ইলেকট্রিক/ ইলেকট্রনিক্স সামগ্রী, বিভিন্ন কক্ষে রক্ষিত আসবাবপত্র, পর্দা ব্যবহার্য তৈজসপত্র, স্যানিটারি দ্রব্য ইত্যাদি।

১২। কৃতকার্য নিলাম দরদাতা ভবন অপসারণের জন্য নির্ধারিত ব্যয় ব্যতিত অতিরিক্ত কোন ব্যয় দাবি করতে পারবে না।

১৩। কৃতকার্য নিলাম দরদাতাকে কার্যাদেশ প্রাপ্তির ৩০(ত্রিশ) দিনের মধ্য আবশ্যিকভাকে নিলামকৃত ভবন অপসারণ করতে হবে। অন্যথায় জমাকৃত অর্থ বাজেয়াপ্ত করা হবে।

শেখ হাফিজুর রহমান
প্রশাসক
দিনাজপুর পৌরসভা, দিনাজপুর।

স্মারক নম্বর- দিনাপৌ/প্রশা/২০২৬/১১৪৭

তারিখ: ৩০ ভাদ্র ১৪৩৩ ব.
১৪ সেপ্টেম্বর ২০২৬ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরিত হলো (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর বিভাগ, রংপুর
৩। প্রধান প্রকৌশলী,স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা
৪। প্রকল্প পরিচালক, রেজিলিয়েন্ট আরবান এন্ড টেরিটরিয়াল ডেভেলপমেন্ট প্রজেক্ট(আরইউটিডিপি) এলজিইডি-আরডিইসি ভবন, আগারগাঁও, ঢাকা
৫। জেলা প্রশাসক, দিনাজপুর
৬। পুলিশ সুপার, দিনাজপুর
৭। প্রশাসক, জেলা পরিষদ, দিনাজপুর
৮। উপ পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর
৯। প্রশাসক, ঠাকুরগাঁও/সৈয়দপুর/পঞ্চগড়/নীলফামারী/পীরগঞ্জ/পার্বতীপুর/ফুলবাড়ী/সেতাবগঞ্জ/বীরগঞ্জ/ঘোড়াঘাট/বিরামপুর/হাকিমপুর/বিরল পৌরসভা
১০। উপজেলা নির্বাহী অফিসার, (সকল), দিনাজপুর জেলা
১১। জনাব ..............................................................................প্রশাসকের কর্ম সম্পাদনে সহায়তা কমিটি, দিনাজপুর পৌরসভা,দিনাজপুর
১২। সকল বিভাগ/শাখা প্রধান, দিনাজপুর পৌরসভা
১৩। ম্যানেজার, সোনালী ব্যাংক কর্পোরেট শাখা, দিনাজপুর
১৪। কোষাধ্যক্ষ, দিনাজপুর পৌরসভা
১৫। জনাব ............................................................................................
১৬। সম্পাদক, দৈনিক .........................................................(বিজ্ঞপ্তিটি তার পত্রিকায় ১(এক) দিন একবার প্রচারের জন্য অনুরোধ করা হলো)
১৭। নোটিশ বোর্ড অত্র দপ্তর
১৮। অফিস নথি (সংরক্ষণ)

শেখ হাফিজুর রহমান
প্রশাসক
দিনাজপুর পৌরসভা, দিনাজপুর।

CamScanner